



লেখাপড়া Lekhapora24.net

লেখাপড়া, ২০২২-০২-১৬, অনলাইন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালন

নিজস্ব প্রতিবেদক।

জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন উপলক্ষে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরিতে “অতিমারিতে ডিজিটাল লাইব্রেরী কার্যক্রম” এর উপরে একটি অনলাইন আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

১৫ ফেব্রুয়ারি, ২০২২ সন্ধ্যায় অনুষ্ঠিত এই আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক, এবং চেয়ারপার্সন, তথ্যশিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ ড. দিলারা বেগম।

তিনি কোভিড-১৯ চলাকালীন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরি যে পরিষেবাগুলো প্রদান করে থাকে তার উপর একটি বক্তব্য উপস্থাপন করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য ড. জয় সামাদ, উপ-উপাচার্য, প্রফেসর ড. মোহাম্মদ জিয়াউল হক মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-গ্রন্থাগারিক মতিউর রহমান প্রমুখ।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালন

নিজস্ব প্রতিবেদক।

জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন উপলক্ষে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরিতে “অতিমারিতে ডিজিটাল লাইব্রেরী কার্যক্রম” এর উপরে একটি অনলাইন আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

১৫ ফেব্রুয়ারি, ২০২২ সন্ধ্যায় অনুষ্ঠিত এই আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক, এবং চেয়ারপার্সন, তথ্যশিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ ড. দিলারা বেগম।

তিনি কোভিড-১৯ চলাকালীন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরি যে পরিষেবাগুলো প্রদান করে থাকে তার উপর একটি বক্তব্য উপস্থাপন করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য ড. জয় সামাদ, উপ-উপাচার্য, প্রফেসর ড. মোহাম্মদ জিয়াউল হক মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-গ্রন্থাগারিক মতিউর রহমান প্রমুখ।